তারিখ .. 01 DEC 2016 ...
পৃষ্ঠা ...১..২. কলাম..... ..৪.....

সংবাদ

# ইবির ভর্তি পরীক্ষা ৪ ডিসেম্বর শুরু

**প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনার্স (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ৪ ডিসেম্বর থেকে। ইতোমধ্যেই ভর্তি পরীক্ষার রুটিন প্রকাশিত হয়েছে।

রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, প্রতিদিন ৪ শিফটে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। প্রথম শিফট সকাল সাড়ে ৯টা থেকে সকাল সাড়ে ১০টা। দ্বিতীয় শিফট বেলা সাড়ে ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। তৃতীয় শিফট দুপুর ২টা থেকে ৩টা পর্যন্ত এবং ৪র্থ শিফট বিকাল ৪টা থেকে ৫টা পর্যন্ত।

৪ ডিসেম্বর প্রথম দিনের ১ম শিফটে ধর্মতত্ত্ব অনুষদভুক্ত "এ" ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। একইদিন মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত "বি" ইউনিটের দিনের ২য় শিফটে (রোল ১-৬২০০), দিনের ৩য় শিফটে (রোল ৬২০১-১২৪০০), দিনের ৪র্থ শিফটে ১২৪০১-অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫ ডিসেম্বর দিনের ১ম শিফটে আইন ও শরীয়াহ অনুষদভুক্ত "এইচ" ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন ২য় শিফটে মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত "সি" ইউনিটের ১-০৬২০০ রোলধারী, ৩য় শিফটে ৬২০১-১২৪০০ রোলধারী, ৪র্থ শিফটে ১২৪০১-অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬ ডিসেম্বর দিনের ১ম শিফটে ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত "জি" ইউনিটের ১-৬২০০ রোলধারী, দিনের ২য় শিফটে ৬২০১-অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন ৩য় শিফটে বিজ্ঞান অনুষদভুক্ত "ডি" ইউনিটের ১-৬২০০ রোলধারী, দিনের ৪র্থ শিফটে ৬২০১-অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। শেষদিন ৭ ডিসেম্বর দিনের ১ম শিফটে বিজ্ঞান অনুষদভুক্ত "ই" ইউনিটের ১-০৬২০০ রোলধারী, দিনের ২য় শিফটে ৬২০১-অবশিষ্ট রোলধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন ৩য় শিফটে একই অনুষদভুক্ত "এফ" ইউনিটে আবেদনকারী সকল ভর্তিচ্ছুদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এছাড়াও ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট iu.ac.bd থেকে জানা যাবে।